# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 17-07-2025** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল একদিনের সফরে রাজ্যে আসছেন।

২) এসএসসির নতুন নিয়োগ বিজ্ঞপ্তি ও বিধি নিয়ে কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ।

৩) একাধিক রাজ্যে বাঙালি হেনস্থায় উদ্বেগ প্রকাশ করে কলকাতা হাইকোর্ট আগামী ৬ অগাস্ট এ বিষয়ে কেন্দ্রকে রিপোর্ট জমা দিতে বলেছে।

৪) তৃণমূল কংগ্রেস রাজ্যের বিভিন্ন এলাকায় রোহিঙ্গাদের প্রবেশ করিয়ে জনবিন্যাস পাল্টে দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।

এদিকে, অন্য রাজ্যে বসে এরাজ্যে ভোটার তালিকায় নাম কাটা হচ্ছে বলে দাবি করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৫) পশ্চিম মেদিনীপুরের ঘাটালে বন্যা পরিস্থিতি ক্রমশ ভয়াবহ আকার নিচ্ছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল একদিনের সফরে রাজ্যে আসছেন। দুপুরে অন্ডাল বিমানবন্দরে পৌঁছে প্রধানমন্ত্রী সড়কপথে দুর্গাপুরের নেহরু স্টেডিয়ামে যাবেন। সেখানে প্রধানমন্ত্রী বিভিন্ন প্রকল্পের শিলান্যাস, উদ্বোধন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

এরপর দুর্গাপুরে বিজেপির একটি জনসভায় অংশগ্রহণ করবেন তিনি। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি-তনুশ্রী)

সভাস্থল থেকে বিমানবন্দরে ফিরে শ্রী মোদী সন্ধ্যাতেই দিল্লি ফিরে যাবেন। প্রধানমন্ত্রী যে প্রকল্পগুলির উদ্বোধন করবেন, সেগুলির তালিকা এখনও সরকারিভাবে প্রকাশ করা না হলেও, শিল্প ও পরিকাঠামো সংক্রান্ত বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধনের সম্ভাবনা রয়েছে বলে জানা গিয়েছে।

গতকাল নেহেরু স্টেডিয়ামে সভার প্রস্তুতি খতিয়ে দেখেন, আসানসোল-দুর্গাপুরের পুলিশ কমিশনার সহ পদস্থ আধিকারিক এবং বিজেপির নেতা কর্মীরা।

---

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তি ও বিধিকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা আবেদনগুলি খারিজ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ। মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল জানান, ডিভিশন বেঞ্চের রায়ে তারা খুশী নন। এর ফলে অনেকেই নতুন প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন না।

গতকালই বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ এসএসসি-র নতুন নিয়োগ বিজ্ঞপ্তি ও বিধিকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা আবেদনগুলি খারিজ করে জানান, নতুন বিধি তৈরি বা শূন্যপদের সংখ্যা বৃদ্ধি কমিশনের নীতিগত সিদ্ধান্ত, তাতে আদালত হস্তক্ষেপ করতে পারে না।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার চাকরি বাতিলের পর ২০১৬ সালের চাকরিহারাদের নিয়োগ পরীক্ষার জন্য নতুন বিধি প্রকাশ করেছিল এসএসসি। সেই বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টে মামলা দায়ের হয়। তার প্রেক্ষিতেই এই নির্দেশ।

এর আগে, বিচারপতি সৌগত ভট্টাচার্যের সিঙ্গল বেঞ্চের নির্দেশ বহাল রেখে এসসসি-র নতুন নিয়োগ প্রক্রিয়ায় সুপ্রিম কোর্টে চিহ্নিত অযোগ্যরা বসতে পারবে না বলে ডিভিশন বেঞ্চ স্পষ্ট জানিয়ে দেয়।

-----------------------

১৫ বছর পরে মাদ্রাসা সার্ভিস কমিশনের গ্রুপ ডি কর্মী নিয়োগে ছাড়পত্র দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি পার্থসারথি সেন গতকাল এই মামলার শুনানিতে ২১ দিনের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার চূড়ান্ত ফল প্রকাশের নির্দেশ দিয়েছেন। এই রায়ের ফলে ২৯২টি শূন্যপদ পূরণে জটিলতার অবসান হল।

উল্লেখ্য, ২০১০ সালে রাজ্যের মাদ্রাসাগুলিতে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি জারি হয়। পরীক্ষা নেওয়া হয় পরের বছর। পরীক্ষা পদ্ধতি নিয়ে প্রশ্ন ওঠায় একাধিক মামলা দায়ের হয় আদালতে। এর জেরে সেই পরীক্ষার ফলপ্রকাশ নিয়ে জটিলতা তৈরি হয়েছিল।

২০১০ সালের নিয়োগ বিধি মেনেই মাদ্রাসা কমিশনকে নিয়োগপ্রক্রিয়া শুরুর নির্দেশ দিয়েছে আদালত।

-----------------------

একাধিক রাজ্যে বাঙালি হেনস্তায় উদ্বেগ প্রকাশ করে কলকাতা হাইকোর্ট আগামী ৬ অগাস্ট এ বিষয়ে কেন্দ্রকে রিপোর্ট জমা দিতে বলেছে। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি ঋতব্রতকুমার মিত্রের ডিভিশন বেঞ্চ গতকাল বিষয়টির শুনানি চলাকালীন পর্যবেক্ষনে, হঠাৎ করে কেন দেশের বিভিন্ন রাজ্যে বাংলাদেশী শনাক্ত করার কাজ শুরু হল এবং এর জন্য কেন জুন মাসকেই বেছে নেওয়া হল তা জানতে চান।

অন্যদিকে ওড়িশায় আটক দুজনকে ইতিমধ্যে ছেড়ে দেওয়া হয়েছে বলে ওড়িশার মুখ্যসচিব আদালতে জানিয়েছেন। তবে এদিন জরুরি কাজ থাকায় তিনি আদালতের শুনানিতে হাজির থাকতে পারেন নি। সেই জন্য ২৩শে জুলাই ওড়িশায় বাংলাভাষী আটক সংক্রান্ত মামলার শুনানি রাখা হয়েছে।

-----------------------

তৃণমূল কংগ্রেস রাজ্যের বিভিন্ন এলাকায় রোহিঙ্গাদের প্রবেশ করিয়ে জনবিন্যাস পাল্টে দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, টাকার বিনিময়ে ভুয়ো জন্ম শংসাপত্র বিতরণের ফলে জনসংখ্যার জাতীয় গড়ের তুলনায় এরাজ্যে জনসংখ্যার গড় বৃদ্ধি পেয়েছে।

বাইট - শুভেন্দু

সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য বিএসএফকে ৫৪০ কিলোমিটার জমি মুখ্যমন্ত্রী কেন দেননি এদিন ফের সেই নিয়ে প্রশ্ন তোলেন বিরোধী দলনেতা।

এর আগে রাজ্যে রোহিঙ্গা মুক্ত ভোটার তালিকা তৈরির দাবিতে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল বিধানসভা থেকে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর পর্যন্ত মিছিল করে। তাঁদের দাবি নিয়ে নির্বাচন কমিশনে চিঠিও দেন তাঁরা।

এদিকে, অন্য রাজ্যে বসে এরাজ্যে ভোটার তালিকায় নাম কাটা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। ভিনরাজ্যে পশ্চিমবঙ্গের বাংলাভাষী মানুষ এবং পরিযায়ী শ্রমিকদের হেনস্থার অভিযোগে গতকাল কলেজ স্কোয়ার থেকে ধর্মতলার ডোরিনা ক্রসিং পর্যন্ত পদযাত্রা করেন তিনি। পরে এক জনসভায় মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, ভোটার তালিকায় কারচুপি করেই মহারাষ্ট্র, দিল্লিতে ভোটে জিতেছে বিজেপি।

বাইট মমতা

নির্বাচনকে পাখির চোখ করেই বিজেপি এবং তৃণমূল কংগ্রেস একসঙ্গে অনুপ্রবেশ ও বাংলাভাষীদের হেনস্থা নিয়ে সরব হচ্ছে বলে সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী কটাক্ষ করেছেন।

বাইট- সুজন

পরিযায়ী শ্রমিক এবং বাংলাদেশী এই দুটো বিষয় শাসকদলের কাছে এখন নির্বাচনে লড়াইয়ের অস্ত্র হয়ে উঠেছে বলে কংগ্রেস নেতা অধীর চৌধুরী মন্তব্য করেছেন।

বাইট অধীর

-----------------------

পশ্চিম মেদিনীপুরের ঘাটালের বন্যা পরিস্থিতি ক্রমশ ভয়াবহ আকার নিচ্ছে। গতকাল থেকে নদীগুলির জলস্তর ক্রমশ বাড়তে শুরু করেছে। এই মুহূর্তে কলমিজোড় এলাকাতে পুরনো কাঁসাই নদীর জল চরম বিপদসীমার উপর দিয়ে বইছে।

অন্যদিকে, রূপনারায়ণ নদের জল গতকাল বিকেল থেকেই রানিচক এলাকাতে চরম বিপদ সীমার উপরে। আজ সকাল থেকে বড়দা, চৌকান, মাংরুল রাস্তার বড়পুল এলাকায় যান চলাচল বন্ধ রয়েছে। রাস্তা জলমগ্ন।

------------------------

জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে কেন্দ্রের পরিকল্পনার অঙ্গ হিসেবে রাজ্য সরকার, স্কুলপড়ুয়া কিশোরীদের বিনামূল্যে এইচপিভি টিকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষা দফতরের মাধ্যমে এই টিকাকরণ কর্মসূচি চালু হবে ২০২৭ সালে। রাজ্য পরিবার কল্যাণ আধিকারিক ডাঃ অসীম দাস মালাকার জানিয়েছেন, এই কর্মসূচি চালুর জন্য স্কুল-স্তরে পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি অভিভাবকদেরও এব্যাপারে সচেতনতা করা হবে।

উল্লেখ্য, এতদিন এইচপিভি টিকা পাওয়া যেত মূলত বেসরকারি ক্ষেত্রে। ভারতে উৎপাদিত ভ্যাকসিনের দাম ছিল প্রায় ২৬০০ টাকা প্রতি ডোজ, আমেরিকান ব্র্যান্ডের টিকা শুরু হত ৩৫০০ টাকা থেকে, এমনকি ন্যানোভ্যালেন্ট ভ্যাকসিনের ক্ষেত্রে প্রতি ডোজে খরচ হতো ১০ হাজার টাকা। ফলে বহু নিম্নবিত্ত কিশোরী এই সুরক্ষা থেকে বঞ্চিত হচ্ছিল। এবার সরকারি উদ্যোগে ওই টিকা বিনামূল্যেই পাওয়া যাবে।

------------------------

ভোট পরবর্তী হিংসায় কাঁকুড়গাছির বিজেপি কর্মী অভিজিত্ সরকার খুনের মামলায় তৃণমূল কংগ্রেস বিধায়ক পরেশ পাল এবং আরও দুই তৃণমূল কাউন্সিলার স্বপন সমাদ্দার ও পাপিয়া ঘোষ হাইকোর্টে আপাতত স্বস্তি পেয়েছেন। আগামী পয়লা আগস্ট পর্যন্ত তাদের নিম্ন আদালতে হাজিরা দিতে হবে না বলে কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, ঐ খুনের ঘটনায় সিবিআই-এর বিশেষ আদালত ১৮ ই জুলাই পরেশ পাল সহ অন্যান্যদের হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছিলেন।

-----------------------

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের চালতাবেরিয়ায় তৃণমূল কংগ্রেসের **অঞ্চল সভাপতি রাজ্জাক খান** খুনের ঘটনায়, ধৃত জাকির গাজী ও রেজাউল মোল্লাকে গতকাল বারুইপুর আদালতে তোলা হলে ২২ শে জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। এর আগে এই ঘটনায় মোট ৫ জনকে গ্রেপ্তার করেছিল পুলিশ।

এদিকে, **বীরভূমের সাঁইথিয়ায়** তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি **পীযূষ ঘোষের** হত্যাকান্ডে ধৃত রাহুল ঘোষ ও সারদামণি মজুমদারকে গতকাল আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে। অবৈধ সম্পর্কের জেরেই তাঁকে খুন করা হয়েছে বলে, পুলিশের প্রাথমিক অনুমান।

----------------------- -----------------------